

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

Bangladesh Rural Electrification Board

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
বরিশাল জোন, রূপাতলী, বরিশাল।
টেলিফোন নং-০৪৩১-৭১২১১
Email:serebbarisal@gmail.com

স্মারক নং-২৭.১২.০৬৫১.০৩২.৩৭(২).০০১.২৩-৫৬

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ।
২৭ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ।

নিলাম বিজ্ঞপ্তি


তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বরিশাল জোন, বরিশাল এ ব্যবহার অযোগ্য অফিস আসবাবপত্র, সিলিং ফ্যান, কম্পিউটার এক্সসরিজসহ বিভিন্ন খুচরা যন্ত্রাংশ নিলামে বিক্রয়ের নিমিত্ত নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হইতে নাম, পূর্ণ ঠিকানা ও স্বাক্ষর সম্বলিত সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ (টি)	প্রাক্কলিত মূল্য		উদ্ধৃত মূল্য	
			একক মূল্য	মোট মূল্য	একক মূল্য	মোট মূল্য
১	কম্পিউটার টেবিল	০২	১০০	২০০		
২	ভিজিটিং চেয়ার (ষ্টীল কুশন)	০৪	৫০	২০০		
৩	রিভলবিং চেয়ার (এক্সিকিউটিভ)	০২	১০০	২০০		
৪	কম্পিউটার রিভলবিং চেয়ার (হাতল ছাড়া)	০৫	৫০	২৫০		
৫	সিলিং ফ্যান	০৯	২০০	১৮০০		
৬	কম্পিউটার সিপিইউ	০২	২৫০	৫০০		
৭	কম্পিউটার মনিটর	০৫	৫০	২৫০		
৮	কম্পিউটার প্রিন্টার (মিডিয়াম)	০১	৭০	৭০		
৯	কম্পিউটার ইউপিএস	০৯	৬০	৫৪০		
১০	স্ক্যানার	০৩	৫০	১৫০		
১১	ডিভিআর মেশিন	০১	৩০	৩০		
			সর্বমোট:	৪,১৯০.০০		

শর্তাবলী:

- আগামী ১০-০৮-২০২৩ খ্রি: তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে সিলমোহরকৃত নিলাম দরপত্র দাখিল করা যাবে এবং ঐ একই দিন অর্থাৎ ১০-০৮-২০২৩ খ্রি: বেলা ১২.৩০ ঘটিকায় দরপত্রসমূহ নিলাম দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে।
- নির্ধারিত সময়ের পরে আর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- আগ্রহী ক্রেতা (দরদাতা) গণ ইচ্ছা করিলে মালামাল দরপত্র দাখিলের পূর্বে অফিস চলাকালীন সময়ে ০৯-০৮-২০২৩ খ্রি: তারিখের মধ্যে পরিদর্শন করিতে পারিবেন।

- ০৪। প্রাক্কলিত দরের নিচে কোন দরপত্র বিবেচনা করা হবে না। আইটেমের সর্বমোট উদ্ধৃত মূল্য অংকে ও কথায় স্পষ্টাক্ষরে লিখিতে হবে।
- ০৫। বর্ণিত মালামাল ক্রয়ের লক্ষ্যে উদ্ধৃত মোট দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসেবে (ফেরত যোগ্য) বাপবিবো এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক থেকে পে-অর্ডার আকারে দরপত্রের সংগে অবশ্যই জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৬। সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা এর অনুকূলে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, বরিশাল জোন, বরিশাল বরাবর দাখিল পূর্বক অফিস হইতে মালামাল বুঝিয়া নিতে হবে। ইহাছাড়া উদ্ধৃত মূল্যের বিপরীতে ভ্যাট ৭.৫% ও সরকারী কর/ট্যাক্স বাবদ ৫% টাকার চালান পে-অর্ডার এর সাথে জমা দিতে হবে।
- ০৭। কোন প্রকার কারণ দর্শাণে ব্যতীত যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার বাপবিবোর্ড কর্তৃক সংরক্ষিত।
- ০৮। মালামাল লোডিং, আনলোডিং ও পরিবহনে যে কোন প্রকার অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির মোকাবেলা কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান নিজ দায়িত্বে সম্পন্ন করবেন।
- ০৯। নিলাম সংক্রান্ত বিষয়ে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(দীপঙ্কর মন্ডল)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
বাপবিবো, বরিশাল জোন, বরিশাল।

অনুলিপিঃ

- ০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, কর্মচারী প্রশাসন/হিসাব/সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, বরিশাল।
- ০৪। জেনারেল ম্যানেজার বরিশাল পবিস-১।
- ০৫। একান্ত সচিব, সদস্য (বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।
- ০৬। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।

বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।


(মো: আজহারুজ্জামান)

উপ-পরিচালক (কারিগরী)
বাপবিবো, বরিশাল জোন, বরিশাল।